গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
কর নীতি উইং
শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা
www.nbr.gov.bd

নথি নং-০৮.০১.০০০০.০৩০.০১১.০০৩.১২-৮৭ তারিখ: ২৩ আষাঢ় ১৪৩৩বঙ্গাব্দ / ০৭ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**স্পষ্টীকরণ**

**বিষয়: সম্পত্তির দলিল নিবন্ধনের ক্ষেত্রে দানকর পরিশোধের প্রযোজ্যতা সম্পর্কিত স্পষ্টীকরণ।**

সম্প্রতি সম্পত্তি নিবন্ধনের ক্ষেত্রে দানকর পরিশোধ বিষয়ে আয়কর আইনে বিধান সংযুক্ত করা হয়েছে। যা সকলের অবগতির জন্য নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হলো:

"আয়কর আইন, ২০২৩-এর **ধারা ১২৫** এবং উৎসে কর বিধিমালা, ২০২৬ অনুযায়ী, সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে নির্ধারিত হারে উৎসে কর সংগ্রহের বিধান রয়েছে। অত্র অর্থবছরে অর্থাৎ, ২০২৬-২০২৭ অর্থবছরে উক্ত ১২৫ ধারায় দানকর বিষয়ক নিম্নোক্ত **উপধারা (২ক) সংযুক্ত করা হয়েছে, যথা:-**

'(২ক) সম্পত্তি হস্তান্তর দলিল নিবন্ধনের ক্ষেত্রে নিবন্ধনকারী কর্মকর্তা দানকর আইন, ১৯৯০ এর প্রযোজ্যতা সাপেক্ষে প্রযোজ্য হারে দানকর এ-চালানের মাধ্যমে সংগ্রহ করিবেন।'

এই উপ-ধারাটি শুধু হেবা বা দানের মাধ্যমে সম্পত্তি হস্তান্তরের জন্য প্রযোজ্য, ক্রয়-বিক্রয়ের মাধ্যমে সম্পত্তি হস্তান্তরের জন্য প্রযোজ্য নয়। হেবা বা দানের ক্ষেত্রে হেবাকারী বা দানকারীর জন্য দানকর প্রদানের বাধ্যবাধকতা রয়েছে। এই দানকরের হার, পরিমাণ ও অব্যাহতি নির্ধারিত হয় দানকর আইন, ১৯৯০ এর আলোকে।

সুতরাং, অত্র ২০২৬-২০২৭ অর্থবছরে হেবা বা দানের মাধ্যমে সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে নিবন্ধনকারী কর্মকর্তা দান বা হেবা দাতার নিকট থেকে উক্ত দানকর আইন, ১৯৯০ অনুযায়ী প্রযোজ্য হারে দানকর এ-চালানের মাধ্যমে সংগ্রহ করবেন। এক্ষেত্রে, উৎসে কর সংগ্রহের প্রযোজ্যতা নেই।

ক্রয়-বিক্রয়ের মাধ্যমে সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে দানকর প্রযোজ্য নয়, এক্ষেত্রে নিবন্ধনকারী প্রযোজ্য হারে শুধু উৎসে কর সংগ্রহ নিশ্চিত করবেন।"

সংযুক্তঃ দানকর আইন, ১৯৯০।

07/07/2026
(মোঃ একরামুল হক)
দ্বিতীয় সচিব (কর আইন-১)
কর নীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড

**বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/কর পরিদর্শন পরিদপ্তর/বিসিএস কর একাডেমী, ঢাকা।
৩। কর কমিশনার, কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা।

৪। কর কমিশনার, কর আপীল অঞ্চল-চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।

৫। কর কমিশনার, আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট/ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট/উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট, ঢাকা।

৬। মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৭। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (এলটিইউ)/কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫, ঢাকা (দ্রুততম সময়ের মধ্যে সকল পরিদর্শী রেঞ্জ ও কর সার্কেলকে অবহিতকরণের অনুরোধসহ)।

৮। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬, চট্টগ্রাম (দ্রুততম সময়ের মধ্যে সকল পরিদর্শী রেঞ্জ ও কর সার্কেলকে অবহিতকরণের অনুরোধসহ)।

৯। কর কমিশনার, কর অঞ্চল-নারায়ণগঞ্জ/গাজীপুর/ময়মনসিংহ/কুমিল্লা/বগুড়া/রাজশাহী/রংপুর/বরিশাল/সিলেট/খুলনা/কুষ্টিয়া/যশোর/নরসিংদী/কক্সবাজার/ফরিদপুর/দিনাজপুর/নোয়াখালী/কেন্দ্রীয় জরীপ অঞ্চল, ঢাকা (দ্রুততম সময়ের মধ্যে সকল পরিদর্শী রেঞ্জ ও কর সার্কেলকে অবহিতকরণের অনুরোধসহ)।

১০। মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা-১০০০।

১১। প্রেসিডেন্ট, দ্য ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (ICAB), সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, ঢাকা ১২১৫।

১২। প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (ICMAB), ICMA Bhaban, 3 Nilkhet, ঢাকা।

১৩। প্রেসিডেন্ট, ঢাকা ট্যাক্সেস বার অ্যাসোসিয়েশন, রাজস্ব ভবন, নিচতলা, ২য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

১৪। প্রেসিডেন্ট, বাংলাদেশ ট্যাক্স ল-ইয়ার্স অ্যাসোসিয়েশন (BTLA), রাজস্ব ভবন, নিচ তলা, ২য় পর্যায়, সেগুনবাগিচা, ঢাকা

১৫। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডের জন্য)।

১৬। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড (স্পষ্টীকরণটি বহুল প্রচারের অনুরোধসহ)।

১৭। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৮। অফিস কপি/ গার্ড কপি।